# THE INSTITUTE OF BANKERS, BANGLADESH (IBB)

## 6th Banking Professional Examination, 2025

AIBB

## TRADE FINANCE AND FOREIGN EXCHANGE (TFFE)

**Subject Code : 2 0 3**

Time—3 hours

Full marks—100

**Pass marks—45**

*[N. B. Answer the questions as mentioned in different parts.]*

**Part A—Broad Questions**

(Answer any two questions)

Marks—20×2=40

1. *(a)* What is counter-trade in cross border trade? How does counter-trade help the countries with limited Foreign exchange reserve?

   *(b)* Explain the key policy provisions regarding counter-trade arrangement for Bangladeshi exporters and importers.

2. *(a)* How does the BOP position impact local currency appreciation/ depreciation? What are the other features responsible for appreciation and depreciation of local currency (BDT)?

   *(b)* If BDT appreciates what will be the immediate impact on garments export?

3. *(a)* A Bangladeshi exporter received export earnings in foreign currency. Describe the processes of an AD bank follows to handle each export proceeds including encashment, retention and reporting.

   *(b)* Examine the key challenges hindering the growth of ICT Exports. What strategic policy measures and institutional reforms are needed to enhance Bangladesh's global competitiveness in the sector?

4. *(a)* Foreign currency earnings through online service in different forms like freelancing, outsourcing, digital marketing and software development is gradually increasing. Analyze its potentiality and possible regulatory incentives in favor of the new service industry.

   *(b)* What is diaspora bond? Describe the main features of the Wage Earner's Development Bond, US Dollar Investment Bond and US Dollar Premium Bond.

*[Please turn over*

**Part B—Mathematical Problem**
(Answer any **one** question)
Marks—10×1=10

5. Your importer wants to book for payment of 90 day LC amount of CNY 200,000 to your bank. Calculate the exchange rate to deal with the import payment. How much does your bank have to take from the importer? Please use the following information :
   *(a)* Inter-bank exchange rate :
   USD 1 = BDT 123·0000—124·5000
   USD 1 = CNY 7·3235—7·3800
   *(b)* Transit period 10 days
   *(c)* Your bank's overhead charge 0·9643%
   *(d)* Profit margin BDT 0·10 per CNY
   *(e)* Interest (or swap) cost 5·0% per annum
   *(f)* Assume 360 days in a year
   (N.B. : Please show your rough calculation)

6. *(a)* Calculate the buying and selling rate of Japanes Yen in BDT when interbank market exchange rates are,
   (1) USD 1 = BDT 119·5000—120·5000
   (2) USD 1 = JPY 145·1810—145·7320
   *(b)* The Dhaka Spot rate is USD 1 = BDT 119·5000—120·5000. Calculate the TT (trade) buying [or OD (sight)] rate and TT (trade) selling [or BC (selling)] rate, when trade charge is BDT 0·5000 per USD.
   (N.B. : Please show your rough calculation)

**Part C—Problem Solving**
(Solve any **one** case)
Marks—20×1=20

7. **Case 1 : Risk and Time Management of import LC Operations.**
   **Case Scenario :**
   Bangla Trading Corporation, an importing company in Bangladesh is sourcing industrial machinery from China under a Letter of Credit (LC). The company has signed a formal contract with reputed supplier, and the LC was opened through a commercial bank to guarantee payment. However, during the course of import process, the company faces several operational challenges :
   1. Delay in valuation and Assessment—Customs authorities are taking longer than usual time to access the value of imported goods, delaying the clearance process.
   2. Documentary Discrepancies—Discrepancies in the documents presented under the LC lead to delayed or rejected payment by the commercial bank.
   3. Foreign Exchange Shortage—Due to declining forex reserves, the commercial bank is unable to settle the LC on time.
   4. Shipment delay and LC expiry—The suppliers failed to ship the goods within the LC's validity. Resulting in expiration and amendment issues.

Recent Measures by the Central Bank and Commercial Banks :

- Foreign exchange allocation based on import priority.
- Implementation of a Digital LC Monitoring System.
- Permission for renewable LCs and partial shipment options.
- Margin relaxation for selected sectors.

As a trade finance officer, analyze the issues and purpose recommendations for coordination between commercial banks and importers to ensure smooth LC operation.

**Questions :**

*(a)* Operational Analysis : What are the key steps involved in opening and settling an import LC where delays typically occur?

*(b)* Risk Identification : What are the common risks associated with import LCs, how can it minimize?

*(c)* Policy and Process Recommendations : What actions can commercial bank and the central bank take to reduce delays and manage LC-related risk effectively?

*(d)* Sustainable Solutions : From the importer's perspective, what steps would you suggest to build an efficient timely and low-risk LC management frame work?

8. **Case-2. Dishonor documents under documentary collection.**

**Case Scenario :**

A Bangladeshi exporter entered into a contract with foreign buyer for Euro 2,00,000. The agreed payment method was Documents against Payment (DP). Exporter shipped the goods and submitted the documents to its bank. The bank forwarded the documents to the collecting bank in abroad which was to release them to importer only upon payment.

Upon receiving the notification, importer refused to make payment due to market price drop complaining a minor quality concerns and decline to take delivery. The goods remained unclaimed at the port of destination, incurring demurrage charge.

**Task :**

As a trade finance consultant, analyze the risks involved in this transaction, and advise exporter and the bank on possible steps including preventive measures.

**Questions :**

(1) Risk analysis : What are the key risks associated with DP compared to LC?

(2) Remedial Action : What immediate actions can exporter take to minimize losses and handle the unclaimed shipment?

(3) Bank responsibility : What is the collecting bank's role and liability in such situation under URC 522?

(4) Prevent recommendations : What precautionary steps should exporter take before choosing DP as a payment method in future contract?

*[Please turn over*

## Part D—Understanding Terminology

(Answer any **five** questions)

Marks—2×5=10

9. Compare and contrast between any **five** of the following :
   *(i)* OD Sight and BC Selling Rates
   *(ii)* Sales Contract and Open Account
   *(iii)* Proforma Invoice and Commercial Invoice
   *(iv)* Bill of Export and Bill of Shipment
   *(v)* URC 522 and UCP 600.
   *(iv)* Buyer's Credit and Supplier's Credit
   *(vii)* Currency Appreciation and Currency Depreciation
   *(viii)* Documents against Payment and Documents against Acceptance.

## Part E—Short Questions

(Answer **all** the question)

Marks—2×10=20

10. Briefly answer the following questions :
    *(i)* Key criteria of a deemed export.
    *(ii)* How to netting off the Net Open Position (NOP) of foreign exchange?
    *(iii)* Why does LIBOR discontinue?
    *(iv)* Define SOFR and EURIBOR.
    *(v)* Differentiate crypto currency and digital currency.
    *(vi)* Define open account in international trade.
    *(vii)* Key difference of Offshore Banking Unit (OBU) from Domestic Banking Unit (DBU).
    *(viii)* Explain Net export under merchanting.
    *(ix)* What is Fed Fund Rate?
    *(x)* Name the IMF currency and its full form.

[বাংলা অনুবাদ]

[দ্রষ্টব্য : বিভিন্ন অংশে উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর দিন ।]

## ক অংশ—বর্ণনামূলক প্রশ্ন

(যে কোনো **দুইটি** প্রশ্নের উত্তর দিন)

মান—২০×২=৪০

১। (ক) আন্তর্জাতিক বাণিজ্যে প্রতিবাণিজ্য (Counter trade) কী? স্বল্প বৈদেশিক মুদ্রা রিজার্ভধারী দেশগুলোর ক্ষেত্রে প্রতিবাণিজ্য কীভাবে সাহায্য করতে পারে?

(খ) বাংলাদেশি রপ্তানিকারক এবং আমদানিকারদের জন্য প্রতিবাণিজ্য/কাউন্টার ট্রেড সম্পর্কিত মূলনীতি/বিধানাবলি আলোচনা করুন ।

২। (ক) BOP পরিস্থিতি স্থানীয় মুদ্রার অতিমূল্যায়ন/অবমূল্যায়নকে কীভাবে প্রভাবিত করে? স্থানীয় মুদ্রার (বাংলাদেশ টাকা) অতিমূল্যায়ন/অবমূল্যায়নকে প্রভাবিত করে এমন অন্যান্য উপাদানগুলো কী কী?

(খ) বাংলাদেশ টাকা অতি মূল্যায়িত হলে পোশাক রপ্তানির উপর তাৎক্ষণিক প্রভাব কী হতে পারে?

৩। (ক) একজন বাংলাদেশি রপ্তানিকারক বৈদেশিক মুদ্রায় রপ্তানি মূল্য আয় করেছেন। এই রপ্তানি বিল মূল্য প্রক্রিয়াকরণে এডি ব্যাংকের অনুসৃতব্য ধারাবাহিক পদ্ধতিগুলো (যেমন নগদায়ন, রিপোর্টিং ও রিটেনশন) বর্ণনা করুন।

(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি রপ্তানি প্রবৃদ্ধির পথে মূল চ্যালেঞ্জগুলো পর্যালোচনা করুন। এই খাতে বাংলাদেশের আন্তর্জাতিক প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধির জন্য কী ধরনের নীতি-কৌশল এবং প্রাতিষ্ঠানিক সংস্কার প্রয়োজন?

৪। (ক) ফ্রিল্যান্সিং, আউটসোর্সিং, ডিজিটাল মার্কেটিং এবং সফটওয়্যার ডেভেলপমেন্টের মতো অনলাইন পরিষেবার মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয় ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে। নতুন এই পরিষেবা শিল্পের সম্ভাবনার ক্ষেত্রে সম্ভাব্য রেগুলেটরি সহায়তাগুলো বিশ্লেষণ করুন।

(খ) ডায়াস্পোরা বন্ড কী? ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড, ইউ এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ইউএস ডলার প্রিমিয়াম বন্ডের প্রধান বৈশিষ্ট্যগুলো বর্ণনা করুন।

## খ অংশ—গাণিতিক সমাধান

(যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন)

মান—১০×১=১০

৫। আপনার একজন আমদানিকারক আপনার ব্যাংকে ২,০০,০০০·০০ ইউয়ান (CNY) মূল্যমানের ৯০ দিন মেয়াদি এলসি পেমেন্টের জন্য একটি বুকিং দিতে চান। আমদানিকারকের প্রস্তাবের বিপরীতে আপনার ব্যাংকের বিনিময় হার নির্ধারণ করুন। উক্ত আমদানি বিলের বিপরীতে আমদানিকারককে কত টাকা পরিশোধ করতে হবে?

নিম্নলিখিত তথ্য ব্যবহার করুন—

(ক) আন্তঃব্যাংক বিনিময় হার :
মাঃ ডঃ ১ = টাকা ১২৩·০০০০—১২৪·৫০০০।
মাঃ ডঃ ১ = ইউয়ান ৭·৩২৩৫—৭·৩৮০০।

(খ) ট্রানজিট সময় ১০ দিন।

(গ) ব্যাংকের ওভারহেড চার্জ : ০·৯৬৪৩%।

(ঘ) লাভের মার্জিন : ০·১০ টাকা প্রতি ইউয়ান।

(ঙ) সুদ (বা সোয়াপ) খরচ বছরে ৫·০%।

(চ) ধরে নিন ৩৬০ দিনে বছর
[বিস্তারিত হিসাবায়ন আবশ্যক]

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

৬। (ক) জাপানিজ ইয়েন-বাংলাদেশ টাকা ক্রয় ও বিক্রয় হার নির্ধারণ করুন, যখন আন্তঃব্যাংক বিনিময় হার :

মাঃ ডঃ ১ = টাকা ১১৯·৫০০০—১২০·৫০০০।

মাঃ ডঃ ১ = ইয়েন ১৪৫·১৮১০—১৪৫·৭৩২০।

(খ) ঢাকা স্পট রেইট : মাঃ ডঃ ১ = টাকা ১১৯·৫০০০—১২০·৫০০০ হলে ওডি (সাইট) ও বিসি (সেলিং) রেইট নির্ধারণ করুন, যখন ব্যাংকটির ট্রেড প্রতি ডলার ০·৫০০০ টাকা ছিল। [বিস্তারিত হিসাবায়ন আবশ্যক]

**গ অংশ—সমস্যা সমাধান**

(যে কোনো একটি ঘটনা)

মান—২০×১=২০

৭। **ঘটনা-১:** আমদানি ঋণপত্র কার্যক্রমে ঝুঁকি এবং সময় ব্যবস্থাপনা।

**ঘটনাপ্রবাহ :**

বাংলা ট্রেডিং কর্পোরেশন, একটি বাংলাদেশি আমদানিকারক প্রতিষ্ঠান, চীন থেকে শিল্প যন্ত্রপাতি আমদানি করছে। প্রতিষ্ঠানটি একটি খ্যাতনামা সরবরাহকারীর সাথে চুক্তিবদ্ধ হয়ে একটি Letter of Credit (LC) খুলেছে, যা বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে পেমেন্ট নিশ্চয়তার ভিত্তিতে ইস্যু করা হয়েছে।

তবে, আমদানি কার্যক্রম চলাকালে প্রতিষ্ঠানটি বেশ কিছু চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে:

১। মূল্য নির্ধারণ ও যাচাইয়ে বিলম্ব—কাস্টম কর্তৃপক্ষ পণ্যের মূল্য যাচাইয়ের দেরি করায় খালাস প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে।

২। ডকুমেন্টে বৈসাদৃশ্য—এলসির শর্ত অনুযায়ী দলিল না হওয়ায় বাণিজ্যিক ব্যাংক পেমেন্টে বাধা দিচ্ছে।

৩। ডলার সংকট—বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমে যাওয়ায় বাণিজ্যিক ব্যাংক এলসি নিষ্পত্তিতে দেরি করছে।

৪। শিপমেন্ট বিলম্ব ও এলসি মেয়াদোত্তীর্ণ—সরবরাহকারী সময়মতো পণ্য পাঠাতে ব্যর্থ হওয়ায় এলসির মেয়াদ শেষ হয়ে যাচ্ছে।

কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের সাম্প্রতিক উদ্যোগ :

- অগ্রাধিকার ভিত্তিতে বৈদেশিক মুদ্রা বরাদ্দ।
- ডিজিটাল এলসি মনিটরিং সিস্টেম চালু।
- নবায়নযোগ্য ঋণপত্র, এবং পার্ট শিপমেন্ট অনুমোদন।
- নির্দিষ্ট খাতে মার্জিনে শিথিলতা।

**কার্যক্রম :**

একজন ট্রেড ফাইন্যান্স অফিসার হিসেবে ব্যাংক ও আমদানিকারকের মধ্যে সমন্বয়ের মাধ্যমে এলসি ব্যবস্থাপনার উন্নয়নের জন্য সুপারিশ করুন।

প্রশ্নাবলি :

১। কার্যপ্রণালি বিশ্লেষণ : একটি আমদানি এলসি খোলার ও নিষ্পত্তির ধাপগুলো কী কী এবং কোথায় সাধারণত বিলম্ব দেখা যায়?

২। ঝুঁকি চিহ্নিতকরণ : আমদানি এলসিতে কী ধরনের ঝুঁকি বিদ্যমান এবং সেগুলোর প্রতিকার কীভাবে সম্ভব?

৩। নীতি ও প্রক্রিয়া সুপারিশ : বাণিজ্যিক ব্যাংক এবং কেন্দ্রীয় ব্যাংক বিলম্ব ও ঝুঁকি কমাতে কী পদক্ষেপ নিতে পারে?

৪। টেকসই সমাধান : আমদানিকারকের দৃষ্টিকোণ থেকে দক্ষ, সময়োপযোগী ও ঝুঁকিমুক্ত এলসি ব্যবস্থাপনার জন্য কী পদক্ষেপ গ্রহণ করা উচিত?

৮। ঘটনা-২ : ডকুমেন্টারি কালেকশনের আওতায় মূল্য পরিশোধ না করা।

ঘটনাপ্রবাহ :

একজন বাংলাদেশি রপ্তানিকারক Documents against Payment (DP) এর আওতায় ইউরো ২,০০,০০০ মূল্যমানের পণ্য রপ্তানির জন্য চুক্তিবদ্ধ হন। সে অনুসারে রপ্তানিকারক পণ্যটি রপ্তানি করে দলিলাদি ব্যাংকে জমা দেন। ব্যাংক উক্ত দলিলাদি বিদেশস্থ কালেক্টিং ব্যাংকে প্রেরণ করে, যেখানে মূল্য গ্রহণ সাপেক্ষ দলিলাদি হস্তান্তরের কথা ছিল। কিন্তু পণ্যের বাজার দরের পতনের কারণে পণ্যের সামান্য গুণগত সমস্যা উত্থাপন করে ক্রেতা পণ্য ডেলিভারি নিতে অস্বীকৃতি জানায়। পণ্যগুলো গন্তব্যস্থলের বন্দরে দাবিহীন অবস্থায় পড়ে থাকে, যার ফলে ডেমারেজ চার্জ জমা হতে থাকে।

কার্যক্রম :

একজন ট্রেড ফাইন্যান্স পরামর্শক হিসেবে, এই লেনদেনের সাথে জড়িত ঝুঁকি বিশ্লেষণ করুন এবং প্রতিরোধমূলক ব্যবস্থাসহ সম্ভাব্য পদক্ষেপ সম্পর্কে রপ্তানিকারক এবং ব্যাংককে পরামর্শ দিন।

প্রশ্ন :

১। ঝুঁকি বিশ্লেষণ : ঋণপত্রের তুলনায় ডকুমেন্টারি কালেকশন ব্যবস্থার ঝুঁকিগুলো কী কী?

২। প্রতিকারমূলক পদক্ষেপ : বন্দরে অদাবিকৃত পণ্যের বিপরীতে ক্ষতি কমিয়ে আনার জন্য রপ্তানিকারক তাৎক্ষণিক কী কী পদক্ষেপ নিতে পারেন?

৩। ব্যাংকের দায়িত্ব : বর্ণিত প্রেক্ষাপটে URC-522 অনুসারে কালেক্টিং ব্যাংকের দায়-দায়িত্ব কী?

৪। প্রতিরোধমূলক সুপারিশ : ভবিষ্যতে DP ব্যবস্থায় পণ্য মূল্য পরিশোধের ক্ষেত্রে রপ্তানিকারকের কী কী সাবধানতা অবলম্বন করা উচিত?

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

## ঘ অংশ—পরিভাষা অনুধাবন

(যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিন)

মান—২×৫=১০

৯। নিম্নলিখিত যে কোনো পাঁচটি শব্দযুগলের মধ্যে তুলনা করুন :

*(i)* OD Sight এবং BC Selling হার।

*(ii)* বিক্রয় চুক্তি এবং ওপেন অ্যাকাউন্ট।

*(iii)* প্রোফর্মা ইনভয়েস এবং কমার্শিয়াল ইনভয়েস।

*(iv)* রপ্তানি বিল এবং শিপমেন্ট বিল।

*(v)* URC 522 এবং UCP 600.

*(vi)* বায়ার্স ক্রেডিট এবং সাপ্লায়ার্স ক্রেডিট।

*(vii)* মুদ্রার অতি মূল্যায়ন এবং মুদ্রার অবমূল্যায়ন।

*(viii)* ডকুমেন্টস এগেইন্সট পেমেন্ট এবং ডকুমেন্টস এগেইন্সট অ্যাক্সেপটেন্স।

## ঙ অংশ—সংক্ষিপ্ত প্রশ্ন

(সকল প্রশ্নের উত্তর দিন)

মান—২×১০=২০

১০। নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দিন :

*(i)* একটি প্রচ্ছন্ন এক্সপোর্টের মূল মানদণ্ড।

*(ii)* বৈদেশিক মুদ্রার নেট ওপেন পজিশন (NOP) কীভাবে নেট অফ করা হয়?

*(iii)* SOFR এবং EURIBOR সংজ্ঞা দিন।

*(iv)* LIBOR কেন বন্ধ হয়ে যায়?

*(v)* ক্রিপ্টো মুদ্রা এবং ডিজিটাল মুদ্রার পার্থক্য লিখুন।

*(vi)* আন্তর্জাতিক বাণিজ্যে ওপেন অ্যাকাউন্ট এর সংজ্ঞা দিন।

*(vii)* অফশোর ব্যাংকিং ইউনিট (OBU) এবং ডোমেস্টিক ব্যাংকিং ইউনিট (DBU) এর মূল পার্থক্য দিন।

*(viii)* মার্চেন্টিংয়ের অধীনে নেট এক্সপোর্ট ব্যাখ্যা করুন।

*(ix)* ফেড ফান্ড-রেইট কী?

*(x)* IMF মুদ্রার নাম এবং এর পূর্ণরূপ উল্লেখ করুন।